সুয়ারেস জাদুতে জিতেই চলেছে অ্যাতলেতিকো মাদ্রিদ

ম্যাচের অন্তিম মুহূর্তে গোল করে অ্যাতলেতিকো মাদ্রিদকে জয় এনে দিয়েছেন লুইস সুয়ারেস। উরুগুইয়ান ফরোয়ার্ডের গোলে লা লিগায় আলাভেসকে ২-১ ব্যবধানে হারিয়ে পয়েন্ট তালিকার শীর্ষস্থান অটুট রেখেছে দিয়েগো সিমিওনের দল।

গত সেপ্টেম্বরে বার্সেলোনা ছেড়ে ওয়ান্দা মেত্রোপোলিতানোতে এসে যেন নিজেকে ফের খুঁজে পেয়েছেন সুয়ারেস। চলতি মৌসুমের লা লিগার সর্বোচ্চ গোলদাতাদের নেতৃত্ব দিচ্ছেন ৩৩ বছর বয়সী তারকা। ইতোমধ্যে ৯ গোল করেছেন তিনি।

আলাভাসের মাঠে প্রথমার্ধে এগিয়ে গিয়েছিল অ্যাতলেটিকো। সুয়ারেসের পাস থেকে ৪১তম মিনিটে দলের প্রথম গোলটি করেন মার্কোস লরেন্তে। ৬৩তম মিনিটে ভিক্তর লাগুরদিয়া লাল কার্ড দেখে মাঠ ছাড়লে দশজনের দল হয়ে পড়ে আলাভেস।

কিন্তু সেই সুযোগ কাজে লাগাতে ব্যর্থ হয় সিমিওনের দল। উল্টো ৮৩তম মিনিটে বদলি হিসেবে নামা হোয়াও ফেলিক্সের আত্মঘাতি গোলে পয়েন্ট খোয়াতে বসে তারা। তবে এবারও অ্যাতলেতিকোর উদ্ধারকর্তা হয়ে আসেন সুয়ারেস। আত্মঘাতী গোলে নিজের নাম বসালেও সেই ভুলকে ফুলে পরিণত করেন ফেলিক্স। পর্তুগিজ তারকার পাস থেকে ৯০তম মিনিটে অ্যাতলেতিকোর জয়সূচক গোলটি করেন সুয়ারেস। এর আগের ম্যাচে গেতাফের বিপক্ষেও উরুগুইয়ান তারকার একমাত্র গোলে জয় পেয়েছিল তারা।

এই জয়ে ১৫ ম্যাচে ৩৮ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান ধরে রাখল অ্যাতলেতিকো। ১৭ ম্যাচে ৩৬ পয়েন্ট নিয়ে দ্বিতীয় অবস্থানে রিয়াল মাদ্রিদ।

আলমডাঙ্গার কুলপালায় ব্যাডমিন্টন টুর্নামেন্টে

আলমডাঙ্গার চিৎলা ইউনিয়নের কুলপালায় ব্যাডমিন্টন খেলার আয়োজন করা হয়েছে। খেলাটি শুধুমাত্র চিৎলা ইউনিয়ন এর জন্য প্রযোজ্য।

খেলাটিতে অংশগ্রহণ করেছে মোট ১৬ টি দল। গতকাল রবিবার উদ্বোধনী ম্যাচ হয়েছে। এসময় সভাপতিত্ব করেন আওয়ামী লীগ নেতা হারেজ মিয়া।

এছাড়াও উপস্থিত ছিলেন, প্রধান অতিথি জনাব শাহ আব্দুল বাতেন, বিশেষ অতিথি তুগ্রিল খান বাবু, সোহেল শাহ্, রইছ উদ্দিন মাস্টার, ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক মুজিবুর রহমান, নজির শেখ, টিপু মিয়া, জয়েদ শেখ, ওয়ার্ড আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মমিন শামসুদ্দিন মল্লিক, মতি শেখ, হিটলার শেখ, রাজিব শেখ, নাজমুল শাহ, কাউসার, হামিদ, ফারুক আহমেদ প্রমুখ।

যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরলেন সাকিব

মা শিরিন রেজাকে নিয়ে যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরেছেন সাকিব আল হাসান। আসন্ন ওয়েস্ট ইন্ডিজ সিরিজকে সামনে রেখে কাতার এয়ারওয়েজের একটি ফ্লাইটে সকালে ঢাকায় পা রাখেন সাকিব।

অসুস্থ শ্বশুরকে দেখতে মার্কিন যুক্তরাষ্ট্র উড়ে গিয়েছিলেন সাকিব। তাই খেলতে পারেননি বঙ্গবন্ধু টি-২০ কাপের ফাইনালসহ দুটি ম্যাচ। কিন্তু শ্বশুরকে দেখতে পাননি। বিমানে থাকাকালীনই মৃত্যুর খবর পান। পরিবারের সঙ্গে প্রায় তিন সপ্তাহ কাটিয়ে আজ সকালে ঢাকায় ফিরলেন বিশ্বসেরা এই অলরাউন্ডার।

দুই টেস্ট ও তিন ওয়ানডে ম্যাচ সিরিজ খেলতে ক্যারিবীয়রা ১০ জানুয়ারি ঢাকায় পা রাখবে। বাংলাদেশ ক্রিকেট দলে অনুশীলনও শুরু হবে সেদিন।

মুম্বাইয়ের চূড়ান্ত স্কোয়াডে জায়গা করে নিলেন শচীনপুত্র অর্জুন

ভারতের কিংবদন্তি ব্যাটসম্যান শচীন টেন্ডুলকারের ছেলে বাঁহাতি পেস বোলিং অলরাউন্ডার অর্জুন টেন্ডুলকার প্রথমবারের মতো মুম্বাইয়ের সিনিয়র দলের সুযোগ পেলেন। আসন্ন সৈয়দ মুশতাক আলি ট্রফির জন্য ঘোষিত মুম্বাইয়ের ২২ জনের চূড়ান্ত স্কোয়াডে নেয়া হয়েছে অর্জুনকে।

করোনা বাস্তবতা মাথায় রেখে মুশতাক আলি ট্রফির জন্য বর্ধিত স্কোয়াড ঘোষণার অনুমতি দিয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। যাতে করে দলগুলো বায়ো সিকিউর বাবল ঠিক রাখতে পারে। সে কারণেই মূলত চূড়ান্ত স্কোয়াডে সুযোগ পেয়েছেন ২১ বছর বয়সী অর্জুন।

শনিবার মুম্বাই দলের প্রধান নির্বাচক সলিল আঙ্কোলা এ খবরটি নিশ্চিত করেছেন। অর্জুন ছাড়াও আরেক পেসার ক্রুতিক হানাগাভাদিও প্রথমবারের মতো মুম্বাই দলে সুযোগ পেয়েছেন। প্রাথমিকভাবে ২০ জনের দল ঘোষণা করেছিল মুম্বাই। পরে যোগ করা হয়েছে অর্জুন ও ক্রুতিককে।

সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা গ্রামে

ঐতিহ্যবাহী লাঠি খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদরের, সাগান্না ইউনিয়নের বাটিকাডাঙ্গা গ্রামে ঐতিহ্যবাহী লাঠি খেলা অনুষ্ঠিত হয়েছে।

৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা চেয়ারম্যান জনাব মোঃ এ্যাড. আব্দুর রশিদ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাগান্না ইউনিয়ন চেয়ারম্যান জনাব আলাউদ্দিন আল মামুন, ৩ নং সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি, শেখ মোঃ মোজাম্মেল হোসেন,সহঃ সভাপতি জহর মিয়া,সাংগঠনিক সম্পাদক, নাজমুল হক তুর্পি, ত্রিমোহনী চাউল কল মিল মালিক সমিতির সাধারণ সম্পাদক, মোঃ আকতার হোসেন ভান্ডারী, যুগ্ম সাধারণ সম্পাদক,৫নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, মোঃ শাহাদাত হোসেন সদা,৪ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি (ভারপ্রাপ্ত) মোখলেসুর রহমান শিলু।

এছাড়াও উপস্থিত ছিলেন, হাজী আনোয়ার হোসেন, শহিদুল ইসলাম মেম্বার, ফজের আলী মেম্বার, হুসিয়ার রহমান মেম্বার, মিজানুর রহমান মেম্বার, মোঃ ফজলু করিম, আমজাদ হোসেন সরকার,বেদন মিয়া, বাতেন সরকার, সহ অত্র এলাকাবাসী।

অনুষ্ঠানটি পরিচালনা করেন, সাগান্না ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুন্সী মোঃ শাহীন রেজা সাঈদ।

যুক্তরাষ্ট্রের ক্লাবে খেলতে চান মেসি

র্তমান ফুটবলের অন্যতম সেরা তারকা লিওনের মেসির ভবিষ্যৎ এখনও অনিশ্চিত। তবে চলতি মৌসুম শেষে আর্জেন্টাইন ফরোয়ার্ড যে

ক্যাম্প ন্যু ছাড়বেন তা একপ্রকার নিশ্চিত বলা যায়।

বার্সার সঙ্গে মেসির চুক্তির মেয়াদ শেষ হতে আর বাকি মাত্র ৬ মাস। ২০২১ সালের ১ জানুয়ারি থেকেই এর ক্ষণ গণনা শুরু হয়ে গেছে। তবে এই জানুয়ারিতেই নতুন কোনো ক্লাবের সঙ্গে প্রাথমিক আলোচনা শুরু করতে পারবেন তিনি।

সম্প্রতি স্প্যানিশ টেলিভিশন চ্যানেল ‘লা সেক্সতা’য় এক সাক্ষাৎকারে নিজের ভবিষ্যৎ পরিকল্পনাসহ বেশকিছু ইস্যুতে কথা বলেছেন মেসি। এসময় তিনি যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারে খেলার ব্যাপারেও আগ্রহ প্রকাশ করেছেন।

তিনি বলেন, ‘আগেও বলেছি আমি যুক্তরাষ্ট্রের জীবনযাত্রার অভিজ্ঞতা নিতে, সেখানকার লিগে খেলতে চাই। কিন্তু এটা বাস্তবে সম্ভব হবে কি না আমি জানি না।’

উমেশ যাদবের জায়গায় টেস্ট স্কোয়াডে নটরাজন

উমেশ যাদবের জায়গায় টেস্ট স্কোয়াডে সুযোগ দেওয়া হল টি নটরাজনকে। চার টেস্টের সিরিজের দু’টি হয়ে গেছে। বাকি দুই টেস্টের জন্য ছিটকে যাওয়া উমেশের বদলে দলে এলেন নটরাজন। অস্ট্রেলিয়ায় সীমিত ওভারের সিরিজে নজর কেড়েছিলেন নটরাজন। সঠিক লাইন ও লেংথে বল করেছেন। তারই পুরস্কার পেলেন।

বিসিসিআই গতকাল শুক্রবার (১ জানুয়ারি) জানিয়ে দিয়েছে, উমেশ যাদবের জায়গায় বাকি দুই টেস্টে দলে এলেন টি নটরাজন। আর উমেশ যাদব ও মোহম্মদ শামি আপাতত বেঙ্গালুরুতে ন্যাশনাল ক্রিকেট অ্যাকাডেমিতে রিহ্যাবে থাকবেন। শামি প্রথম টেস্টে চোট পান। তখনই শার্দূল ঠাকুরকে বাকি সিরিজের জন্য নেওয়া হয়েছিল। আর উমেশ যাদব মেলবোর্ন টেস্টের তৃতীয় দিন কাফ মাসলে চোট পান। তারপর আর বোলিং করতে পারেননি।

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টি-২০ সিরিজে দুরন্ত বল করার পর নটরাজনকে নেট বোলার হিসেবে রেখে দিয়েছিল টিম ম্যানেজমেন্ট। আর এবার টেস্ট দলে ঢুকে পড়লেন তিনি। এদিকে, কোয়ারেন্টিন পর্ব শেষ করে মেলবোর্নে দলের সঙ্গে যোগ দিয়েছেন রোহিত শর্মা।
বাকি দুই টেস্টের জন্য ভারতীয় দল-

অজিঙ্কা রাহানে (অধিনায়ক), রোহিত শর্মা (সহ-অধিনায়ক), মায়াঙ্ক আগরওয়াল, পৃথ্বী শ, লোকেশ রাহুল, চেতেশ্বর পুজারা, হনুমা বিহারী, শুভমান গিল, ঋদ্ধিমান সাহা, ঋষভ পন্থ, জসপ্রীত বুমরা, নভদীপ সাইনি, কুলদীপ যাদব, রবীন্দ্র জাদেজা, রবিচন্দ্রন অশ্বিন, মহম্মদ সিরাজ, শার্দূল ঠাকুর, টি নটরাজন।

জীবননগর গঙ্গাদাশপুর রাত্রীকালীন ব্যাডমিন্টন খেলা অনুষ্ঠিত

জীবননগর গঙ্গাদাশপুর রাত্রীকালীন ব্যাডমিন্টন খেলা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রাত ৭টার সময় গঙ্গাদাশপুর তরুণ সংঘের আয়োজনে গঙ্গাদাশপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

শাহাজামালের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটির উদ্বোধন করেন জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি)সাইফুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর থানার ওসি (তদন্ত) ফৈরদৌস ওয়াহিদ, সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আঃ মালেক মোল্লা, সাংবাদিক মিঠুন মাহমুদ, মাজেদুল মিল্টন, মনিরুল ইসলাম, কুদ্দুস মিয়াসহ সংগঠনের সদস্য রিদয়, লিখন, মুন্না প্রমুখ।

আওয়ামী লীগের কেন্দ্রীয় উপ-কমিটিতে মাশরাফি

বাংলাদেশ ক্রিকেট দলের সাবেক অধিনায়ক, ক্রিকেটার ও নড়াইল-২ আসনের সংসদ সদস্য (এমপি) মাশরাফি বিন মর্তুজাকে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের কেন্দ্রীয় বন ও পরিবেশ বিষয়ক উপ-কমিটির সদস্য করা হয়েছে।

বৃহস্পতিবার (৩১ ডিসেম্বর) ১০০ সদস্যের বন ও পরিবেশ বিষয়ক উপকমিটি অনুমোদন করেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় জনসচেতনতা তৈরিতে মাশরাফির জনপ্রিয়তা কাজে লাগানোর উদ্দেশ্য তাঁকে এই কমিটির সদস্য করা হয়েছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক দেলোয়ার হোসেন।

বন ও পরিবেশ বিষয়ক উপ-কমিটিতে চেয়ারম্যান হিসেবে থাকছেন অধ্যাপক খন্দকার বজলুল হক। সদস্য সচিব থাকছেন দেলোয়ার হোসেন।

উপ কমিটিতে মাশরাফি ছাড়াও আরো ছয়জন সংসদ সদস্যকে রাখা হয়েছে। তারা হলেন-পরিবেশ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সভাপতি সাবের হোসেন চৌধুরী, দীপংকর তালুকদার, জাফর আলম, আমিরুল আলম মিলন, নাহিদ ইজাহার খান ও মমতাজ বেগম। এছাড়াও উপ-কমিটিতে বিশেষজ্ঞ হিসেবেও ১৭ জনকে রাখা হয়েছে।

মেহেরপুরে মেয়র কাপ অনূর্ধ্ব

১২ ক্রিকেট টুর্নামেন্ট এর উদ্বোধন

মুজিব শতবর্ষ বিজয়ের মাস উদযাপন উপলক্ষে মেহেরপুরে মেয়র কাপ অনূর্ধ্ব ১২ ক্রিকেট টুর্নামেন্ট-২০২০ এর উদ্বোধন করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারী উচ্চ বিদ্যালয়ের মাঠ প্রাঙ্গণে পৌর মেয়র মাহাফুজুর রহমান রিটন ও তার সহধর্মিণী কবুতর উড়িয়ে এই খেলার উদ্বোধন করেন।

এসময় তিনি বলেন, অনুর্ধ ১১ এই বয়স থেকেই খেলা শিখে আজ বিশ্বের নব নাম করা খেলোয়াড়রা বিভিন্ন দেশে খেলে বেড়াচ্ছে এবং বাংলাদেশের সুনাম অর্জন করছে।

তাই আজ মেহেরপুরে অনুর্ধ ১১ এর ছোট, ছোট বাচ্চাদের নিয়ে এই ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়েছে। যাতে করে এই বয়স থেকে তাদের ভিতরে খেলার পরিপূর্ণতা পাই সেই দিকেও আমরা খেয়ালার রাখছি।

এসময় উদ্বোধনী ম্যাচে একদিকে অংশগ্রহণ করে মেহেরপুর ক্রিয়া সংস্থার অনুর্ধ ১১ দল ও অপর দিকে অংশগ্রহণ করে বাসার ক্রিকেট একাডেমী অনুর্ধ ১১ (কুষ্টিয়া)।

এসময় উপস্থিত ছিলেন, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন ও তার সহধর্মিণী, সাংবাদিক তুহিন অরণ্য, ৭নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ছাদাদ আহমেদ প্রমুখ।